কালের কণ্ঠ

তারিখ ২৫ SEP 2017
পৃষ্ঠা ২ কলাম ৪

সরকারি প্রাথমিক বিদ্যালয়

# দপ্তরিদের চাকরি জাতীয়করণ চেয়ে সমাবেশ

**নিজস্ব প্রতিবেদক ▷**

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দপ্তরি কাম প্রহরীদের চাকরি জাতীয়করণের দাবি জানিয়েছে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় কর্মচারী কল্যাণ সমিতি। গতকাল রবিবার জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করে তারা। প্রধানমন্ত্রীর কাছে খোলা চিঠিও প্রকাশ করা হয়।

গতকাল সকালে জাতীয় প্রেস ক্লাবের সামনে কয়েক হাজার দপ্তরি কর্মসূচি পালনের জন্য জড়ো হলে রাস্তায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। আশপাশের এলাকায়ও যানজটের সৃষ্টি হয়।

সংগঠনের সাধারণ সম্পাদক নাসির উদ্দিনের সভাপতিত্বে সমাবেশে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি সাধন কান্ত বাড়ই, মো. মজিবুর রহমান, কামাল হোসেন, সাইদ উদ্দিন, জীবন সাহা প্রমুখ। প্রধানমন্ত্রীর কাছে আবেদন জানিয়ে বক্তারা বলেন, বেশির ভাগ দপ্তরি কাম প্রহরীর চাকরির বয়স চলে গেছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............

| | |
|---|---|
| পরিসংখ্যান বিভাগ | |
| ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে